গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৮১/২০১৯-২০২০
ঢাকা ৪ মার্চ বুধবার ২০২০, ২০ ফাল্গুন ১৪২৬

১। মুজিববর্ষ উপলক্ষে সংসদের বিশেষ অধিবেশন ২২ মার্চ শুরু
২। এনার্জি ও আইসিটি খাতে উরুগুয়েকে বিনিয়োগের আহ্বান রাষ্ট্রপতির
৩। বঙ্গবন্ধু রেল সেতুর নির্মাণ ব্যয় বাড়লো ৭০৪৬ কোটি টাকা
একনেকে ১০ হাজার ৪৬৮ কোটি টাকার ৮ প্রকল্প অনুমোদন
৪। জাতীয় এসএমই মেলা শুরু আজ : মেলার উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৫। দেশের প্রথম এক্সপ্রেসওয়ে ঢাকা-মাওয়া-ভাঙ্গা মহাসড়ক ১২ মার্চ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৬। প্রধানমন্ত্রী ১ এপ্রিল উদ্বোধন করবেন বঙ্গবন্ধু বাংলাদেশ গেমস
৭। তিন ম্যাচ সিরিজের দ্বিতীয় ওয়ানডেতে জিম্বাবুয়েকে হারিয়ে বাংলাদেশের জয় : প্রধানমন্ত্রীর অভিনন্দন
৮। জাপানের সঙ্গে বাংলাদেশের বন্ধুত্বের সম্পর্ক দীর্ঘদিনের : রাষ্ট্রদূতকে স্পিকার
৯। নরেন্দ্র মোদির বিরোধিতার নামে মুজিববর্ষের বিরোধিতা করছে বিএনপি : সেতুমন্ত্রী
১০। স্বাধীনতা যুদ্ধে গুরুত্বপূর্ণ অবদান রাখা ভারতের অংশগ্রহণ ছাড়া
বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর উদ্বোধন অনুষ্ঠান পূর্ণতা পাবে না : তথ্যমন্ত্রী
১১। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে সর্বোচ্চ সম্মান জানাবে বাংলাদেশ : সিলেটে পররাষ্ট্রমন্ত্রী
১২। শুধু ঋণ নয়, নতুন খাতের উন্নয়নে অংশীদার হতে হবে এডিবিকে : অর্থমন্ত্রী
১৩। বিদ্যালয়ের বাইরে শিক্ষকরা কোচিং করাতে পারবেন না : মাদারীপুরে শিক্ষামন্ত্রী
১৪। করোনাভাইরাস সংক্রমণ ঠেকাতে বিদেশে যাতায়াত এড়িয়ে চলার পরামর্শ স্বাস্থ্যমন্ত্রীর
১৫। ইউএসটিআর প্রতিনিধিদলের সঙ্গে বাণিজ্যমন্ত্রীর বৈঠক : আরো ব্যবসাবান্ধব নীতিমালা চায় যুক্তরাষ্ট্র
১৬। পিটিএ'র মাধ্যমে বাংলাদেশ-নেপাল বাণিজ্য বাড়ানো সম্ভব : বাণিজ্যমন্ত্রী
১৭। আমলাতন্ত্র দক্ষ করতে না পারলে উন্নয়ন ব্যাহত হবে : জনপ্রশাসন প্রতিমন্ত্রী
১৮। বছরব্যাপী মুজিববর্ষ উদ্‌যাপনের ঘোষণা করল ওয়াশিংটন ডিসি
১৯। রোহিঙ্গাদের জন্য এ বছর প্রয়োজন ৮৭ কোটি ৭০ লাখ ডলার : জাতিসংঘ
২০। করোনাভাইরাস মোকাবিলায় বাংলাদেশসহ ২৫ দেশে অর্থায়ন করছে যুক্তরাষ্ট্র
২১। বিদ্যুৎ খাতে আরও ২০ কোটি ডলার দিচ্ছে এআইআইবি
২২। ঢাকা কমলাপুর ধর্মরাজিক বৌদ্ধ মহাবিহারের অধ্যক্ষ শুদ্ধানন্দ মহাথেরোর পরলোকগমন :
রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক প্রকাশ

১। মুজিববর্ষ উপলক্ষে সংসদের বিশেষ অধিবেশন ২২ মার্চ শুরু

মুজিববর্ষ উপলক্ষে একাদশ জাতীয় সংসদের বিশেষ অধিবেশন আগামী ২২ মার্চ রোববার সকাল ১১টায় শুরু হবে। গতকাল (৩ মার্চ মঙ্গলবার) সংসদ সচিবালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সাংবিধানিক ক্ষমতাবলে এ অধিবেশন আহ্বান করেছেন। এটি হবে একাদশ সংসদের সপ্তম অধিবেশন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.১)।

২। এনার্জি ও আইসিটি খাতে উরুগুয়েকে বিনিয়োগের আহ্বান রাষ্ট্রপতির

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এনার্জি, আইসিটি এবং অবকাঠামোসহ বাংলাদেশের সম্ভাবনাময় বিভিন্ন খাতে বিনিয়োগ করতে উরুগুয়ের বিনিয়োগকারীদের প্রতি আহ্বান জানিয়েছেন। স্থানীয় সময় গত ২ মার্চ সোমবার দুপুরে উরুগুয়ের মন্টিভিডিওর প্রেসিডেন্সিয়াল প্যালেসে উরুগুয়ের প্রেসিডেন্ট লুই পো এর সঙ্গে বৈঠককালে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। বাংলাদেশে বিদেশি বিনিয়োগকারীদের জন্য আকর্ষণীয় সুযোগ-সুবিধাসহ ১০০টি বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করা হয়েছে উল্লেখ করে বৈঠকে রাষ্ট্রপতি বলেন, এসব অর্থনৈতিক অঞ্চলে বিদেশি বিনিয়োগকারীরা বিনিয়োগ করতে পারে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

৩। বঙ্গবন্ধু রেল সেতুর নির্মাণ ব্যয় বাড়লো ৭০৪৬ কোটি টাকা
একনেকে ১০ হাজার ৪৬৮ কোটি টাকার ৮ প্রকল্প অনুমোদন

বঙ্গবন্ধু শেখ মুজিব রেলওয়ে সেতুর নির্মাণ প্রকল্পের ব্যয় বাড়লো সাত হাজার ৪৬ কোটি টাকা। এ নিয়ে প্রকল্পটিতে মোট ব্যয় হবে ১৬ হাজার ৭৮১ কোটি টাকা। ব্যয় বৃদ্ধির সঙ্গে প্রকল্পের নির্মাণকালও বেড়েছে। বর্ধিতকাল অনুযায়ী ২০২৫ সালের ডিসেম্বরে প্রকল্পটির নির্মাণ কাজ শেষ হবে। বাড়তি এ ব্যয় এবং সময় অনুমোদন করেছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)।গতকাল (৩ মার্চ মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলানগরে এনইসি সম্মেলনকেন্দ্রে অনুষ্ঠিত বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী এবং একনেকের চেয়ারপারসন শেখ হাসিনা। সভায় বঙ্গবন্ধু শেখ মুজিব রেলওয়ে সেতুর নির্মাণ প্রকল্পসহ মোট ৮টি প্রকল্পে অনুমোদন দেওয়া হয়। এসব প্রকল্পের মধ্যে ৬টি নতুন। বাকি দু'টি সংশোধনী। নতুন ও সংশোধন মিলে মোট ব্যয় ধরা হয়েছে ১০ হাজার ৪৬৮ কোটি টাকা। বৈঠক শেষে ব্রিফিংয়ে সাংবাদিকদের বিস্তারিত জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.১) ।

৪। জাতীয় এসএমই মেলা শুরু আজ : মেলার উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের অংশগ্রহণে আজ ৪ মার্চ বুধবার থেকে শুরু হচ্ছে ৯ দিনের জাতীয় এসএমই পণ্য মেলা-২০২০। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে এ মেলা শুরু হবে। মেলা চলবে ১২ মার্চ পর্যন্ত। শিল্প মন্ত্রণালয়ের অধীন ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) ফাউন্ডেশন অষ্টমবারের মতো এ মেলার আয়োজন করেছে। মেলার উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উদ্বোধন অনুষ্ঠানে এসএমই উদ্যোক্তাদের অবদানের স্বীকৃতিস্বরূপ পুরুষ ও নারী ক্যাটাগরিতে 'জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার-২০২০' দেওয়া হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৫)।

৫। দেশের প্রথম এক্সপ্রেসওয়ে ঢাকা-মাওয়া-ভাঙ্গা মহাসড়ক ১২ মার্চ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

দেশের প্রথম ট্রাফিক বিরতিহীন সড়ক (এক্সপ্রেসওয়ে) ঢাকা-মাওয়া-ভাঙ্গা মহাসড়ক নির্মাণকাজ শেষ পর্যায়ে। ৫৫ কিলোমিটার দীর্ঘ ৬ লেনের এ মহাসড়কটি খুলে দেয়া হবে আগামী ১২ মার্চ। ঐ দিন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে মহাসড়কটি উদ্বোধন করবেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬)।

৬। প্রধানমন্ত্রী ১ এপ্রিল উদ্বোধন করবেন বঙ্গবন্ধু বাংলাদেশ গেমস

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী এবং বাংলাদেশ গেমস আয়োজনের সাংগঠনিক কমিটির কো-চেয়ারম্যান মো. জাহিদ আহসান রাসেল বলেছেন, মুজিববর্ষে জাতির পিতার প্রতি শ্রদ্ধা জানাতে আমরা এবারের বাংলাদেশ গেমসকে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে উৎসর্গ করেছি। ১ এপ্রিল গেমসের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (৩ মার্চ মঙ্গলবার) পরিকল্পনা কমিশনের এনইসি সম্মেলনকক্ষে গেমসের সাংগঠনিক কমিটির প্রথম সভা শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১০,ক.১),

৭। **তিন ম্যাচ সিরিজের দ্বিতীয় ওয়ানডেতে জিম্বাবুয়েকে হারিয়ে বাংলাদেশের জয় : প্রধানমন্ত্রীর অভিনন্দন**

গতকাল (৩ মার্চ মঙ্গলবার) সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে তিন ম্যাচ সিরিজের দ্বিতীয় ওয়ানডেতে জিম্বাবুয়েকে চার রানে হারিয়ে এক ম্যাচ হাতে রেখেই সিরিজ জয় করে বাংলাদেশ। প্রধানমন্ত্রী শেখ হাসিনা জিম্বাবুয়ের বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজ জয় করায় বাংলাদেশ ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছেন। প্রধানমন্ত্রী এক অভিনন্দন বার্তায় বাংলাদেশ দলের সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও ক্রিকেট বোর্ডের (বিসিবি) সংশ্লিষ্ট কর্মকর্তাদের অভিনন্দন জানান। প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন বাংলাদেশ ক্রিকেট দল ভবিষ্যতেও এ জয়ের ধারা অব্যাহত রাখবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **যুগান্তর** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.২)।

৮। **জাপানের সঙ্গে বাংলাদেশের বন্ধুত্বের সম্পর্ক দীর্ঘদিনের : রাষ্ট্রদূতকে স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, জাপানের সঙ্গে বাংলাদেশের বন্ধুত্বের সম্পর্ক দীর্ঘদিনের। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ১৯৭১ সালে স্বাধীনতা লাভের পর থেকে জাপান বাংলাদেশের উন্নয়নে সহযোগিতা করে আসছে। দীর্ঘ পথপরিক্রমায় এ সম্পর্ক আজ অত্যন্ত সুদৃঢ়। ভবিষ্যতে এ সম্পর্ক আরো জোরদার হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত নাওকি ইতো গতকাল (৩ মার্চ মঙ্গলবার) স্পিকারের সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

৯। **নরেন্দ্র মোদির বিরোধিতার নামে মুজিববর্ষের বিরোধিতা করছে বিএনপি : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ঢাকায় আগমনের বিরোধিতার নামে বিএনপি মুজিববর্ষের বিরোধিতা করছে। আসলে নরেন্দ্র মোদি নয়, মুজিববর্ষ হচ্ছে তাদের টার্গেট। গতকাল (৩ মার্চ মঙ্গলবার) রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউস্থ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত যৌথসভার সূচনা বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, ভারত আমাদের মুক্তিযুদ্ধের সহযোগী। এদেশের মুক্তিযোদ্ধাদের রক্তের সঙ্গে ভারতীয় সৈন্যদের রক্ত মিশে আছে। কাজেই ভারতকে বাদ দিয়ে মুজিববর্ষ উদ্‌যাপন অর্থপূর্ণ হতে পারে না। ১৭ মার্চ শুধু নরেন্দ্র মোদি নন, ভারত ও পৃথিবীর অন্যান্য দেশ থেকে বিশিষ্ট ব্যক্তিরা আসবেন। কাজেই একটি মহল ও বিএনপি উসকানি দিচ্ছে বিশৃঙ্খলা সৃষ্টি করার জন্য। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

১০। **স্বাধীনতা যুদ্ধে গুরুত্বপূর্ণ অবদান রাখা ভারতের অংশগ্রহণ ছাড়া**
বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর উদ্বোধন অনুষ্ঠান পূর্ণতা পাবে না : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, বঙ্গবন্ধুর মুক্তির জন্য তৎকালীন ভারত সরকার অবদান রেখেছে এবং প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী বিভিন্ন দেশে ছুটে গেছেন। সে আন্তর্জাতিক চাপ ও বিশ্ব-জনমতের কারণেই পাকিস্তান বঙ্গবন্ধুকে মুক্তি দিতে বাধ্য হয়েছিল। সে কারণেই মোদিকে মুজিববর্ষের অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়েছে। তিনি বলেন, বিএনপির ভারতবিরোধী রাজনীতির ধারাবাহিকতার জন্যই মুজিববর্ষে সে দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বাংলাদেশ সফর নিয়ে প্রশ্ন তুলছে। গতকাল (৩ মার্চ মঙ্গলবার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত সংবাদসম্মেলনে এক প্রশ্নের জবাবে তিনি আরো বলেন, বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে গুরুত্বপূর্ণ অবদান রাখা প্রতিবেশী রাষ্ট্র ভারতের অংশগ্রহণ ছাড়া বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর উদ্বোধন অনুষ্ঠান পূর্ণতা পাবে না। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

১১। **ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে সর্বোচ্চ সম্মান জানাবে বাংলাদেশ : সিলেটে পররাষ্ট্রমন্ত্রী**

মুজিববর্ষে আমন্ত্রিত ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে দেশের সাধারণ মানুষ সম্মান জানাবে বলে মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। তিনি বলেছেন, যারা নরেন্দ্র মোদির সফরের বিরোধিতা করছেন, এটা তাদের নিজস্ব ব্যাপার। তবে নরেন্দ্র মোদিকে সর্বোচ্চ সম্মান জানাবে বাংলাদেশ, সাধারণ মানুষও মোদিকে সম্মান জানাবে। গতকাল (৩ মার্চ মঙ্গলবার) সিলেট সদর উপজেলার খাদিমপাড়া ইউনিয়ন পরিষদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**১২।	শুধু ঋণ নয়, নতুন খাতের উন্নয়নে অংশীদার হতে হবে এডিবিকে : অর্থমন্ত্রী**

শুধু ঋণ সহায়তা নয়, নতুনভাবে চিহ্নিত অর্থনৈতিক উন্নয়নের বিভিন্ন খাতে বাংলাদেশের উন্নয়নে অংশীদার হওয়ার জন্য এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) প্রতি আহ্বান জানিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। গতকাল (৩ মার্চ মঙ্গলবার) শেরেবাংলানগরে অর্থমন্ত্রীর দপ্তরে এডিবির কান্ট্রি ডিরেক্টর মনমোহন প্রকাশসহ সংস্থাটির অর্থ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের ভাইস প্রেসিডেন্ট ইংগ্রিড ভ্যান ওয়েস অর্থমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে অর্থমন্ত্রী একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**১৩।	বিদ্যালয়ের বাইরে শিক্ষকরা কোচিং করাতে পারবেন না : মাদারীপুরে শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, বিদ্যালয়ের বাইরে কোনো শিক্ষক কোচিং করাতে পারবেন না। যেসব অসহায় শিক্ষার্থী অর্থের অভাবে পড়ালেখা করতে পারে না, তাদেরকে বিদ্যালয়ে বিনামূল্যে আলাদাভাবে পড়ালেখা করিয়ে এগিয়ে নিতে হবে, যাতে করে সেসব নিম্নবিত্ত শিক্ষার্থী সুশিক্ষার সুযোগ পায়। গতকাল (৩ মার্চ মঙ্গলবার) মাদারীপুরের কালকিনি উপজেলায় এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **সংবাদ** (শেষপৃ.,ক.৫)।

**১৪।	করোনাভাইরাস সংক্রমণ ঠেকাতে বিদেশে যাতায়াত এড়িয়ে চলার পরামর্শ স্বাস্থ্যমন্ত্রীর**

আপাতত বিদেশে যাতায়াত না করতে বাংলাদেশের নাগরিকদের পরামর্শ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। গতকাল (৩ মার্চ মঙ্গলবার) স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে করোনাভাইরাস নিয়ে আয়োজিত সংবাদসম্মেলনে তিনি আরো বলেন, দেশ ও পরিবারের স্বার্থেই আপাতত বিদেশে যাওয়া কিংবা বিদেশ থেকে দেশে ফেরা বন্ধ রাখতে হবে। কারণ আমরা চাই না বাংলাদেশ করোনাভাইরাসে আক্রান্ত হোক। প্রবাসী বাংলাদেশি যারা বিশ্বের বিভিন্ন দেশে অবস্থান করছেন, তাদের প্রতি আহ্বান থাকবে, জরুরি প্রয়োজন ছাড়া আপনারাও আপাতত দেশে আসা এড়িয়ে চলুন। করোনাভাইরাস মোকাবিলায় সরকারের প্রস্তুতির তথ্য জানিয়ে স্বাস্থমন্ত্রী বলেন, দেশে এখনও এ ভাইরাসের সংক্রমণ ঘটেনি। তবে করোনাভাইরাস দেশে ছড়িয়ে পড়লেও তা মোকাবিলায় সব ধরনের প্রস্তুতি সরকারের আছে। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৪),**বণিক বার্তা** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

**১৫।	ইউএসটিআর প্রতিনিধিদলের সঙ্গে বাণিজ্যমন্ত্রীর বৈঠক : আরো ব্যবসাবান্ধব নীতিমালা চায় যুক্তরাষ্ট্র**

বাংলাদেশের সঙ্গে বাণিজ্য ও বিনিয়োগের ক্ষেত্রে যুক্তরাষ্ট্র কাস্টমস প্রসেস ও ট্যাক্স সহজ এবং আরো ব্যবসাবান্ধব নীতিমালা চায় বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। তিনি বলেন, যুক্তরাষ্ট্র বাংলাদেশে বিনিয়োগ ও বাণিজ্য বৃদ্ধি করতে আগ্রহী। বিনিয়োগের ক্ষেত্রগুলো চিহ্নিত করে যুক্তরাষ্ট্রের বিনিয়োগকারীরা বিনিয়োগ করবেন। গতকাল (৩ মার্চ মঙ্গলবার) সচিবালয়ে তাঁর অফিস কক্ষে ঢাকায় সফররত যুক্তরাষ্ট্রের সহকারী বাণিজ্য প্রতিনিধি ক্রিস্টোফার উইলসনের নেতৃত্বে আগত একটি প্রতিনিধিদলের সঙ্গে মতবিনিময় শেষে সাংবাকিদের তিনি এসব কথা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৭), **সংবাদ** (পৃ.১৪,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১১,ক.১)।

**১৬।	পিটিএ'র মাধ্যমে বাংলাদেশ-নেপাল বাণিজ্য বাড়ানো সম্ভব : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, নেপাল ও বাংলাদেশের মধ্যে বাণিজ্য বৃদ্ধির সম্ভাবনা রয়েছে। পিটিএ (প্রিফারেনশিয়াল ট্রেড এগ্রিমেন্ট) স্বাক্ষরের মাধ্যমে বাণিজ্য বাড়ানো সম্ভব। বাংলাদেশ-নেপাল ট্রেড অ্যান্ড ইকোনমিক কো-অপারেশন' এর বৈঠক হচ্ছে ঢাকায়। সেখানে এ চুক্তি স্বাক্ষরের বিষয়ে বিস্তারিত আলোচনা হবে। উভয় দেশ একমত হলে অল্প সময়ের মধ্যে নেপালের সঙ্গে বাংলাদেশের পিটিএ স্বাক্ষর করা হবে। গতকাল (৩ মার্চ মঙ্গলবার) বাংলাদেশ-নেপাল ট্রেড অ্যান্ড ইকোনমিক কো-অপারেশন এর সচিব পর্যায়ের বৈঠকে যোগদানের জন্য নেপালের শিল্প, বাণিজ্য ও সাপ্লাইস বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ড. বাইকুনথা আরিয়াল এর নেতৃত্বে ঢাকা সফররত প্রতিনিধিদলের সঙ্গে সচিবালয়ে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। সূত্র-**আমাদেরঅর্থনীতি** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৫)।

১৭। আমলাতন্ত্র দক্ষ করতে না পারলে উন্নয়ন ব্যাহত হবে : জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, বাংলাদেশ উন্নয়নের অগ্রযাত্রায় শামিল হয়েছে। উন্নয়নের ধারাকে অব্যাহত রেখে দেশকে আরও সমৃদ্ধির পথে এগিয়ে নিতে জনপ্রশাসনকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। আগামী দিনের চ্যালেঞ্জ মোকাবিলায় জনপ্রশাসনকে আরও দক্ষ করে গড়ে তুলতে হবে। আমলাতন্ত্রকে আরও দক্ষ করতে না পারলে উন্নয়নের ধারা ব্যাহত হবে। গতকাল (৩ মার্চ মঙ্গলবার) বিয়াম ফাউন্ডেশন মিলনায়তনে বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সরকারকে শক্তিশালীকরণ (দ্বিতীয় পর্যায়) প্রকল্পের আওতায় প্রশিক্ষণলব্ধ জ্ঞান বিনিময়ের জন্য আয়োজিত এক সেমিনারে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১)।

১৮। বছরব্যাপী মুজিববর্ষ উদ্‌যাপনের ঘোষণা করল ওয়াশিংটন ডিসি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ উদ্‌যাপন উপলক্ষে যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসির মেয়র আগামী ১৭ মার্চ ২০২০ থেকে ২০২১ সালের ১৭ মার্চ পর্যন্ত বছরব্যাপী মুজিববর্ষ ঘোষণা করেছে। ওয়াশিংটন ডিসির মেয়র মুরিয়েল বোসার এ বিশেষ বর্ষ উপলক্ষে বাংলাদেশের জনগণকে অভিনন্দন জানিয়ে এক ঘোষণাপত্র জারি করেন। গতকাল (৩ মার্চ মঙ্গলবার) ঢাকায় প্রাপ্ত এক বার্তায় এ কথা বলা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

১৯। রোহিঙ্গাদের জন্য এ বছর প্রয়োজন ৮৭ কোটি ৭০ লাখ ডলার : জাতিসংঘ

রোহিঙ্গা সঙ্কট মোকাবিলায় চলতি বছর ৮৭ কোটি ৭০ লাখ ডলার প্রয়োজন বলে জানিয়েছে জাতিসংঘ। জাতিসংঘের বিভিন্ন সংস্থা এবং সহযোগী এনজিও যে যৌথ কর্মপরিকল্পনা (জেআরপি) ঘোষণা করেছে, সেখানেই উন্নয়ন সহযোগীদের কাছে এ অর্থ চাওয়া হয়েছে। গতকাল (৩ মার্চ মঙ্গলবার) জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থার (ইউএনএইচসিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, মিয়ানমার থেকে এসে বাংলাদেশে আশ্রয় নিয়ে থাকা প্রায় ৮ লাখ ৫৫ হাজার রোহিঙ্গার পাশাপাশি রোহিঙ্গা সঙ্কটের কারণে দুর্দশায় পড়া ৪ লাখ ৪৪ হাজার বাংলাদেশির জন্য ব্যয় হবে এ অর্থ। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **যুগান্তর** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

২০। করোনাভাইরাস মোকাবিলায় বাংলাদেশসহ ২৫ দেশে অর্থায়ন করছে যুক্তরাষ্ট্র

করোনাভাইরাস (কোভিড-১৯) আক্রান্ত বা ছড়িয়ে পড়ার উচ্চ ঝুঁকির মুখে থাকা বাংলাদেশসহ ২৫টি দেশে ৩ কোটি ৭০ লাখ ডলার অর্থায়নের ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্র সরকার। দেশটির আন্তর্জাতিক উন্নয়নবিষয়ক সংস্থা ইউএসএআইডি'র সংক্রামক রোগবিষয়ক জরুরি রিজার্ভ তহবিল থেকে এ অর্থায়ন করা হবে বলে গতকাল (৩ মার্চ মঙ্গলবার) জানানো হয়েছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১৯,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

২১। বিদ্যুৎ খাতে আরও ২০ কোটি ডলার দিচ্ছে এআইআইবি

রাজধানী ও দেশের পশ্চিমাঞ্চলে বিদ্যুৎ ব্যবস্থার উন্নয়নে আরও ২০ কোটি ডলার ঋণ দেবে এশিয়ান অবকাঠামো বিনিয়োগ ব্যাংক (এআইআইবি)। বর্তমান বিনিময় হার অনুযায়ী এর পরিমাণ এক হাজার ৭০০ কোটি টাকা। বিশ্বব্যাংকের বিকল্প হিসেবে চীনের নেতৃত্বে গড়ে ওঠা এআইআইবি সম্প্রতি এ ঋণ অনুমোদন দেয়। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.১), **আমাদেরঅর্থনীতি** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ.১৩,ক.৬)।

২২। ঢাকা কমলাপুর ধর্মরাজিক বৌদ্ধ মহাবিহারের অধ্যক্ষ শুদ্ধানন্দ মহাথেরোর পরলোকগমন : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক প্রকাশ

একুশে পদক পাওয়া, ঢাকা কমলাপুর ধর্মরাজিক বৌদ্ধ মহাবিহারের অধ্যক্ষ, ২৮তম সংঘনায়ক শুদ্ধানন্দ মহাথেরো মারা গেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৭ বছর। গতকাল (৩ মার্চ মঙ্গলবার) তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** নকল পণ্যের বিস্তার ব্যাপক আকার ধারণ করায় এ ব্যাপারে সচেতনতার আহ্বান।

খ. **সংবাদ :** বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন (বিটিআরসি) যে পদ্ধতিতে আন্তর্জাতিক কল টার্মিনেশন রেট পুনর্নির্ধারণ করেছে তাতে সরকার বছরে প্রায় ১৪০০ কোটি টাকা রাজস্ব হারাবে, মোবাইল ফোন অপরারেটরদের সংগঠন অ্যামটেবের দেয়া তথ্য থেকে এ আশঙ্কার কথা জানা গেছে উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

গ. **যুগান্তর :** এ বছর ডেঙ্গুর প্রকোপ গত বছরের চেয়ে বেশি হবে বলে আশঙ্কা করছেন বিশেষজ্ঞরা উল্লেখ করে সিটি করপোরেশনকে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **যায়যায়দিন** : দেশে যাতায়াতজনিত দুর্ঘটনা মারাত্মক আকার ধারণ করেছে উল্লেখ করে দুর্ঘটনায় মৃত্যুর হার কমাতে হলে দোষীদের তাৎক্ষণিক শাস্তি নিশ্চিত করার পাশাপাশি জনগণকেও নৌ, রেল ও সড়ক পথে ভ্রমণ ও রাস্তা পারাপারের ক্ষেত্রে আরও সচেতন হওয়ার আহ্বান।

ঙ. **ইনকিলাব** : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে সামগ্রিক কর্মসূচি নিয়ে বাড়াবাড়ি ও অতিরিক্ত ব্যয় না করা নিয়ে প্রধানমন্ত্রীর নির্দেশনা যথাযথ বলে অভিমত প্রকাশ ।

চ. **ফিনানশিয়াল এক্সপ্রেস** : পরিবেশের জন্য ক্ষতিকর পলিথিনের ব্যবহার বন্ধে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ. **ইন্ডিপেনডেন্ট** : বিভিন্ন শিল্প-কারখানা, বাসা-বাড়িতে সৌর বিদ্যুতের ব্যবহার বাড়ালে গ্যাসের ওপর চাপ কমে আসবে বলে মতপ্রকাশ।

উপ-সম্পদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, পরিবেশ দূষণ নিয়ন্ত্রণসহ আমাদের অস্তিত্ব রক্ষার স্বার্থে অধিক সংখ্যক বৃক্ষরোপণ করা প্রয়োজন।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'মানবসম্পদ উন্নয়ন ও ডিজিটাল দক্ষতা'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, একটি জাতিকে বিশ্বদরবারে মাথা উঁচু করে বাঁচতে হলে দক্ষ মানবসম্পদ গড়ে তোলা প্রয়োজন।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা